গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ওসমানীনগর, সিলেট।
www.osmaninagar.sylhet.gov.bd

স্মারক নং ঃ ০৫.৪৬.৯১৬০.০০৪.০০.০০১.১৭. ৪৫০

তারিখ ঃ ১১-০৬-২০১৭ খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা, তারিখ ঃ ০১ জুন ২০১৭ খ্রিঃ তারিখের ৪৬.০৪৬.০১১.০০.০০.০০৫.২০১৪-৭০০ নং স্মারক মোতাবেক সিলেট জেলার ওসমানীনগর উপজেলা পরিষদের জন্য রাজস্ব খাতে সৃজিত নিম্নবর্ণিত ০৩ ( তিন ) টি পদে অস্থায়ীভাবে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ০১ (এক) টি | ১০২০০-২৪৬৮০/=<br>(১৪ নং স্কেল) | (১) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(২) Word Processing/ Data Entry ও Typing ইত্যাদি ক্ষেত্রে সর্বনিম্ন গতি ঃ<br>(ক) বাংলা ঃ প্রতি মিনিটে ২০ শব্দ।<br>(খ) ইংরেজি ঃ প্রতি মিনিটে ২৫ শব্দ।<br>(৩) (ক) বাংলা ঃ শর্ট হ্যান্ডে প্রতি মিনিটে ৪৫ শব্দ।<br>(খ) ইংরেজি ঃ শর্ট হ্যান্ডে প্রতি মিনিটে ৭০ শব্দ। |
| ০২ | অফিস সহায়ক | ০২ (দুই) টি | ৮২৫০-২০০১০/=<br>(২০ নং স্কেল) | (১) অষ্টম শ্রেণী পাশ। |
| ০৩ | গাড়ি চালক | ০১ (এক) টি | ৯৩০০-২২৪৯০/=<br>(১৬ নং স্কেল) | (১) অষ্টম শ্রেণী পাশ।<br>(২) হালকা গাড়ি চালনার বৈধ লাইসেন্স থাকিতে হইবে। |

**আবেদনপত্র প্রেরণের নিয়মাবলী ও নিয়োগের শর্তসমূহ ঃ**

০১। প্রার্থী অবশ্যই বাংলাদেশের প্রকৃত নাগরিক হতে হবে।

০২। আবেদনকারীকে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ওসমানীনগর, সিলেট বরাবর সরকার নির্ধারিত চাকরির ফর্মে আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদন ফরমের নমুনা www.osmaninagar.sylhet.gov.bd ওয়েবসাইট থেকে ডাউনলোডকরা যাবে। উপজেলা নির্বাহী অফিসার, ওসমানীনগর, সিলেট কার্যালয়ে আগামী ০৬-০৭-২০১৭ খ্রি. তারিখের মধ্যে অফিস চালাকালীন সময়ে ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি কোন আবেদন গ্রহণ করা হবে না।

০৩। আবেদনপত্রে প্রার্থীর পূর্ণ জীবন বৃত্তান্ত ঃ (ক) নাম (খ) পিতা নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (মোবাইল নম্বরসহ) (চ) জন্ম তারিখ (ছ) ০৬-০৭-২০১৭ খ্রি. তারিখে বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) অভিজ্ঞতা (যদি থাকে) বিশেষ কোটার প্রার্থী হলে কোটার নাম উল্লেখ করতে হবে।

০৪। প্রার্থী মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হলে সেক্ষেত্রে তাকে তার পিতা-মাতার অনুকুলে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

০৫। প্রার্থীকে যেকোন তফসীলভুক্ত ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, ওসমানীনগর, সিলেট এর অনুকুলে ১০০/- (একশত) টাকা মূল্যের অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মূল কপি সংযুক্ত করতে হবে।

০৬। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিধি অনুসরণ করা হবে।

০৭। সরকারি বিধি মোতাবেক কোটা সংরক্ষণ করা হবে।

০৮। প্রথম ০৬ (ছয়) মাস শিক্ষানবীশ হিসাবে ও অস্থায়ী ভিত্তিতে কর্মরত থাকতে হবে।

০৯। আবেদনপত্রের সাথে প্রার্থীর সদ্য তোলা ০৩ (তিন) কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভা মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র, জন্ম নিবন্ধন সনদপত্র, জাতীয় পরিচয়পত্র (যদি থাকে), শিক্ষাগত যোগ্যতা/ অভিজ্ঞতার সকল সনদ/প্রার্থীর সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র সংযুক্ত করতে হবে এবং ১০ (দশ) টাকার ডাকটিকেট লাগানো ১০.৫ x ৪.৫ ইঞ্চি সাইজের খামে পূর্ণাঙ্গ ঠিকানা লিখে আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

১০। প্রার্থীর বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য নয়। আবেদনকারীর বয়স আগামী ০৬-০৭-২০১৭ খ্রি. তারিখে অবশ্যই ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে ৩২ বছর পর্যন্ত বয়স শিথিলযোগ্য। প্রার্থীর বয়সের ক্ষেত্রে জন্ম নিবন্ধন সনদপত্র, জাতীয় পরিচয়পত্র ও শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের বয়স একই হতে হবে।

১১। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র পাঠাতে হবে।

১২। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৩। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত। এ বিষয়েকোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৪। খামের উপর বাম পার্শ্বে পদের নাম উল্লেখ করতে হবে।

১৫। কোন তথ্য গোপন করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬। এ নিয়োগের বিষয়ে স্থানীয় সরকার বিভাগের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৭। উক্ত নিয়োগ পরীক্ষার (লিখিত ও মৌখিক পরীক্ষা) সময়সূচি এবং যোগ্য প্রার্থীদের তালিকা www.osmaninagar.sylhet.gov.bd ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

১৮। লিখিত বা মৌখিক পরীক্ষার জন্য কোন প্রকার টি.এ/ ডি.এ প্রদান করা হবে না।

১৯। লিখিত ও মৌখিক পরীক্ষা একই সময়ে অনুষ্ঠিত হবে বিধায় একজন প্রার্থীর একাধিক পদে আবেদন করার প্রয়োজন নেই।

২০। কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(মোঃ মনিরুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ওসমানীনগর, সিলেট।
osmaninagar.sylhet@gmail.com

চলমান পাতা-০২-

# চাকুরীর আবেদন ফরম

সে.মি. ৫X৫ ছবি (সাম্প্রতিক তোলা ২ কপি)

বরাবর

..............................................................

..............................................................

..............................................................

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম: | | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তি নম্বর: | | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |

| | | | |
|---|---|---|---|
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায়: | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে): | |

| | | | |
|---|---|---|---|
| ৪. | জাতীয় পরিচয়পত্র নম্বর:<br>জন্ম নিবন্ধন নম্বর: | | (যে কোন একটি) |
| ৫. | জন্ম তারিখ: | ৬। জন্মস্থান: জেলা : | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস | দিন |
| ৮. | মাতার নাম : | | | |
| ৯. | পিতার নাম : | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা: | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/ নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোষ্ট কোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |

| | | | |
|---|---|---|---|
| ১১. | যোগাযোগ | মোবাইল/টেলিফোন নম্বর | ই-মেইল (যদি থাকে) |

| | | | |
|---|---|---|---|
| ১২. | জাতীয়তা: | ১৩. | জেন্ডার: |
| ১৪. | ধর্ম: | ১৫. | পেশা: |

| ১৬. | শিক্ষাগত যোগ্যতা: | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাশের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

| | |
|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) : |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯. | কোটা (টিক দিন) | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যা/পুত্র কন্যার পুত্র কন্যা | এতিম/শারিরীক প্রতিবন্ধী | |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন) |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০. | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর: | | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| | ব্যাংকের শাখান নাম: | | | | | | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১. | বিভাগীয় প্রার্থী কি না (টিক দিন) | হাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকবো।

| তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |

প্রার্থীর স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ওসমানীনগর, সিলেট।
osmaninagar.sylhet.gov.bd

এখানে ১ কপি ৫×৫ সে.মি. সত্যায়িত ছবি আঠা দিয়ে লাগাতে হবে।

## প্রবেশ পত্র

(অফিস কর্তৃক পূরনীয়)

১। রোল নম্বরঃ .................................................. ২। পরীক্ষার কেন্দ্রঃ ..................................................................

৩। পরীক্ষার তারিখ ও সময়ঃ ..................................................................................................................

---

(নিম্নের অংশ প্রার্থী কর্তৃক স্ব-হস্তে পূরণীয়)

৪। পদের নামঃ ........................................................................................................................

৫। প্রার্থীর নামঃ ......................................................................................................................

৬। পিতার নামঃ .......................................................................................................................

৭। স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রেঃ) ..........................................................................................

৮। প্রার্থীর যোগাযোগের ঠিকানাঃ গ্রাম/মহল্লা/বাড়ী নং/সড়কঃ ...............................................................

ডাকঘরঃ ............................................. পোষ্ট কোডঃ ............................

উপজেলাঃ ............................................. জেলাঃ ............................

মোবাইল নম্বরঃ ........................................ ইমেইল (যদি থাকে) ..................

আবেদন কারীর স্বাক্ষর

দ্বায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর ও সীল

### সাধারণ নির্দেশাবলী

১। এই প্রবেশপত্রটি লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য ব্যবহৃত হবে।
২। প্রবেশ পত্র ব্যতীত কোন পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না।
৩। লিখিত ও ব্যবহারিক পরীক্ষা শুরু হওয়ার কমপক্ষে ১৫ মিনিট পূর্বে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। পরীক্ষা শুরুর ১৫ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে দেওয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা সম্পূর্ণ নিষিদ্ধ।
৪। পরীক্ষা প্রবেশ পত্র, কলম ও পেন্সিল ব্যতীত কোন প্রকার বই, ব্যাগ, ক্যালকুলেটর, মোবাইল ও কোন ধরনের ইলেকট্রনিক্স ডিভাইস ইত্যাদি সাথে রাখা যাবে না।
৫। পরীক্ষা কক্ষে কোন প্রকার অসাধু পন্থা অবলম্বন এবং অশোভন আচরণের অভিযোগে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে যেকোন প্রকার শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
৬। মৌখিক পরীক্ষার দিন প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা ছাড়াও প্রয়োজনীয় অনান্য সনদের মূল কপি অবশ্যই উপস্থাপন করতে হবে।
৭। আবেদন পত্র ও প্রবেশ পত্রসহ হাজিরা, উত্তরপত্র ও অনান্য কাগজপত্রে স্বাক্ষর একই রকম হতে হবে।
৮। লিখিত ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেওয়া হবে না।